গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৯.২০.৩৫৩

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

বিষয়: **বিষয়টি কনটেম্পট পিটিশন নং- ৫১৫/২০১৯ (রিট পিটিশন নং-১৫৫৭৮/২০১৭ হতে উদ্ভুত) আইনী প্রক্রিয়া গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন ঈশ্বরদী সরকারী কলেজের জমি অধিগহণ বিষয়ে ক্ষতিপূরন প্রদান না করায় জনাব মোঃ আব্দুল রহিমসহ মোট ০৪ (চার) সর্ব পিতা মরহুম আছির উদ্দিন বিশ্বাস, গ্রাম-সাধুপাড়া, থানা-পাবনা, জেলা- পাবনা মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১৫৫৭৮/২০১৭ মামলা দায়ের করেন। রিট পিটিশন নং-১৫৫৭৮/২০১৭ মামলা গত ২৯/১১/২০১৮ তারিখে রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫১৫/২০১৯ দায়ের করেন। এ বিষয়ে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন :

(ক) কনটেম্পট পিটিশন নং-৫১৫/২০১৯ (রিট পিটিশন নং-১৫৫৭৮/২০১৭ হতে উদ্ভুত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌসুলি নিয়োগ করা;

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ;

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌসুলির নিকট প্রেরণ করা এবং

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২। এমতাবস্থায় উক্ত কনটেম্পট পিটিশন নং-৫১৫/২০১৯ (রিট পিটিশন নং-১৫৫৭৮/২০১৭ হতে উদ্ভুত) মামলার বিষয়ে উপরোক্ত কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-১১-২০২০
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব
ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪
ইমেইল: salimsikder20yahoo.com

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৯.২০.৩৫৩/১(৩)

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৯-১১-২০২০
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব